



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা



বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদন অনলাইনে গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধিনে অধ্যয়নরত ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে ভর্তিকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করা হয়। গত ২৬ জানুয়ারি ২০২২ তারিখ থেকে হার্ড কপি পরিবর্তে শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে।

২। ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের (www.eservice.pmeat.gov.bd/admission)- লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। ই-ভর্তি সহায়তার ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আগামী ২৮/০২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে আবেদন করতে বলা হলো।

৩। এমতাবস্থায়, ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে ভর্তিকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য সিস্টেম (www.eservice.pmeat.gov.bd/admission)- ব্যবহার করে অনলাইনে এ সংক্রান্ত কাজ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ভর্তি সহায়তা নির্দেশিকা, ২০২০।

১৭-২-২০২২

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

ফোন: ০২-৫৫০০০৪২৮

ইমেইল: ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল) (সংশ্লিষ্ট সকল
শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে বিষয়টি অবহিত করার
অনুরোধসহ)

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১/১(১৮৫)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)::

১) জেলা শিক্ষা অফিসার (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৭-২-২০২২

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক